



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর-১২৯

রাজশাহীতে শহিদ বুদ্ধিজীবী দিবসের কর্মসূচি

রাজশাহী; ২৭ অগ্রহায়ণ (১২ ডিসেম্বর):

আগামী শনিবার (১৪ ডিসেম্বর) শহিদ বুদ্ধিজীবী দিবস। যথাযথ মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সাথে দিবসটি পালন উপলক্ষে রাজশাহী জেলা প্রশাসন বিভিন্ন কর্মসূচি গ্রহণ করেছে।

ওইদিন সকাল দশটায় রাজশাহী জেলা প্রশাসক কার্যালয় চত্বরে শহিদ স্মৃতিস্তম্ভে পুষ্পস্তবক অর্পণের মধ্য দিয়ে দিবসটি পালনের কর্মসূচি শুরু হবে। সকাল সাড়ে দশটায় জেলা প্রশাসকের সম্মেলনকক্ষে শহিদ বুদ্ধিজীবী দিবসের তাৎপর্য তুলে ধরে এক বিশেষ আলোচনা সভা অনুষ্ঠিত হবে।

সুবিধামতো সময়ে সকল ধর্মীয় উপাসনালয়ে শহিদ বুদ্ধিজীবীদের বিদেহী আত্মার মাগফেরাত ও শান্তি কামনা করে বিশেষ প্রার্থনা অনুষ্ঠিত হবে।

.....
তৌহিদ/আতিক/আরিফ/রুহুল/হালিম/২০২৪/১০.০০ঘ.